গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৭৪ তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।**

**২। আজ ০৫ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৬ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

**অভ্যান্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।**

**৪। আজ ০৫ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ** লঘুচাপের বর্ধিতাংশ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু দেশের উত্তরাংশে মোটামুটি সক্রিয় এবং দেশের অন্যত্র কম সক্রিয় অবস্থায় রয়েছে। মৌসুমী বায়ু উত্তর বঙ্গোপসাগরে দুর্বল থেকে মাঝারী অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ** রংপুর, ময়মনসিংহ, সিলেট এবং চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, খুলনা, ঢাকা ও বরিশাল বিভাগের কিছু কিছু স্থানে অস্থায়ীভাবে দমকা হাওয়ার সাথে হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে: বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

**৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.৫ | ২৯.৫ | ৩৪.০ | ৩১.০ | ৩৫.০ | ৩০.৪ | **৩৬.৪** | ৩৩.৬ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২২.৮ | ২৩.৫ | ২২.৩ | ২২.৫ | ২২.৫ | ২২.৩ | ২৭.০ | ২৭.৬ |

**গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৬.৪° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা কুমিল্লা ও রাজারহাট ২২.৩ ° সেঃ।**

**(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)**

**৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৩ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৪ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১৭ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৬ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ৩ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৪ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৩ | ০ | ০ |
| ৮। | খুলনা | ০ | ০ | ০ |
| | **মোট** | **১৭** | **০** | **০** |

**উল্লেখযোগ্য অগ্নিকান্ডঃ**

**চট্টগ্রামঃ** জেলা প্রশাসন, চট্টগ্রাম থেকে জানানো হয়েছে যে, চট্টগ্রাম সীতাকুন্ড উপজেলাধীন সোনাইছড়ি ইউনিয়নের কাশেম জুট মি ল এলাকায় অবস্থিত বিএম কনটেইনার ডিপোতে শনিবার রাত আনুমানিক ৮টার দিকে অগ্নিকান্ডের ফলে কনটেইনার বিস্ফোরণ হয়ে ভয়াবহ অগ্নিকান্ড সংঘটিত হয়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ২৫টি ইউনিট আগুন নির্বাপনের কাজ করছে। জেলা ত্রাণ ও পুন র্বাসন কর্মকর্তা, চট্টগ্রাম জানান অদ্য (০৫.০৬.২০২২ তারিখ) দুপুর ২.৫০টা পর্যন্ত ৪৩ জনের মৃতদেহ উদ্ধার করা হয়েছে তারমধ্যে ৭ জন ফায়ার সার্ভিসের কর্মী বলে জানা গেছে। প্রায় চারশতাধিক আহত হয়েছে। হতাহতের তথ্য নিরুপণে কাজ চলমান রয়েছে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে অগ্নিকান্ডসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে ব িতরণের জন্য ০৫/০৬/২০২২ খ্রিঃ তারিখ চট্টগ্রাম জেলার অনুকূলে ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা নগদ (ত্রাণ কার্য) এবং ১০০০ (এক হাজার) প্যাকেট/বস্তা শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।

## ৬। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

দেশের উত্তরাঞ্চল এবং উত্তর-পূর্বাঞ্চলের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে যমুনা ও গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে।

- আবহাওয়া সংস্থাসমূহের গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, আগামী ৪৮ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয় ও হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গের কতিপয় স্থানে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ফলে উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা, দুধকুমার এবং উত্তর-পূর্বাঞ্চলের সুরমা, কুশিয়ারা ও সোমেশ্বরীসহ সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে। আগামী ৪৮ ঘন্টায় ভারী বৃষ্টিপাতের প্রেক্ষিতে উত্তর-পূর্বাঞ্চলের সুরমা, কুশিয়ারা ও সোমেশ্বরীসহ প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়ে কতিপয় স্থানে বিপদসীমা অতিক্রম করতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৫৩ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ৪৭ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | **০৯** | **বিপদসীমার উপরে** | **০** |

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (০৫ জুন, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

**বারিপাত তথ্য**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| শেওলা (সিলেট ) | ১৯৪.০ | দক্ষিণবাগ (মৌলভীবাজার) | ১৮৯.০ | লাটু (সিলেট) | ১৭০.০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| শেরপুর (সিলেট) | ১৬৫.০ | সিলেট | ১৪০.০ | জকিগঞ্জ (সিলেট) | ১৩৯.০ |
| ডালিয়া (নীলফামারী) | ১৩০.০ | পাটেশ্বরী (কুড়িগ্রাম) | ১১৪.০ | লালাখাল (সিলেট) | ১১৪.০ |
| সুনামগঞ্জ | ১১২.০ | জারিয়াজাঞ্জাইল (নেত্রকোণা) | ৯৬.০ | কানাইঘাট (সিলেট) | ৯৫.০ |
| ছাতক (সিলেট) | ৯৩.০ | রাঙ্গামাটি | ৮৩.০ | হবিগঞ্জ | ৮৩.০ |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| ধুব্রি (আসাম) | ১১৬.০ | চেরাপুঞ্জি (মেঘালয়) | ৬৪.০ | শিলচর (আসাম) | ৬০.০ |

৫-৬-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৭৪/১(১৭১)

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল)
৯) জেলা প্রশাসক (সকল)
১০) উপ-পরিচালক (সকল)
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১২) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা (সকল)
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৫-৬-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা